অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/18/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল, অ্যাটর্নি জেনারেল জেমস ও ক্যানাবিস ম্যানেজমেন্টের অফিস ব্রুকলিনে লাইসেন্সবিহীন গাঁজার দোকান বন্ধ করে দিয়েছে

বে রিজের বিগ চিফ স্মোক শপ অনিয়ন্ত্রিত গাঁজা পণ্য বিক্রি করছে এবং লাইসেন্স ছাড়া কাজ বন্ধ করার জন্য বারবার আদেশ উপেক্ষা করেছে

গভর্নর হোকল, AG জেমস এবং OCM এ বছর লাইসেন্সবিহীন নয়টি গাঁজার দোকান বন্ধ করে দিয়েছে

2023 সালের মে মাসে 2024 অর্থবছরের প্রণীত বাজেটের অংশ হিসেবে গভর্নর গাঁজা ব্যবস্থাপনা অফিস এবং অ্যাটর্নি জেনারেল অফিসকে লাইসেন্সবিহীন গাঁজা ডিস্পেন্সারির বিরুদ্ধে আইন বলবৎকরণ পদক্ষেপ গ্রহণের নতুন ক্ষমতা প্রদান করে বিধিমালায় স্বাক্ষর করলেন

গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস ও অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট (Office of Cannabis Management, OCM) আজ ব্রুকলিনের বে রিজে একটি গাঁজার দোকান বন্ধ করে দিয়েছে। বিগ চিফ (Big Chief) লাইসেন্স ছাড়াই গাঁজা বিক্রি করেছিল এবং OCM অন্যান্য আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে কাজ বন্ধ করা জন্য বারবার আদেশ উপেক্ষা করা হয়েছে। OCM ও নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স (Department of Taxation and Finance, DTF) এর তদন্তকারীরা দুইবার দোকানটি পরিদর্শন করেছেন এবং 600 পাউন্ডেরও বেশি গাঁজা ও গাঁজার পণ্য বাজেয়াপ্ত করেছেন যা OCM কর্তৃক পরীক্ষা করা হয়নি। দোকানটি বন্ধ করার পাশাপাশি অ্যাটর্নি জেনারেল জেমস ও OCM সম্পত্তির উপর অবৈধ ব্যবসা চালানোর অনুমতি দেওয়ার জন্য দোকানের মালিক ও দোকানটি যেখানে অবস্থিত সে বিল্ডিংয়ের মালিকের কাছ থেকে জরিমানা চেয়েছেন। আজকের পদক্ষেপের ফলে দোকানের মালিককে কয়েক মিলিয়ন ডলার জরিমানা করা হতে পারে। গভর্নর হোকল, অ্যাটর্নি জেনারেল জেমস ও OCM কর্তৃক বন্ধ করা এটি হচ্ছে নবম লাইসেন্সবিহীন গাঁজার দোকান।

"যারা আইন ভঙ্গ করে এবং আমাদের দেশের শীর্ষস্থানীয় প্রাপ্তবয়স্ক-ব্যবহারকারী গাঁজা শিল্পকে দুর্বল করে এমন অবৈধ ও খুচরা বিক্রেতাদের প্রতি আমাদের কোনো সহনশীলতা নেই," **গভর্নর হোকল বলেন।** "এই সাইটটি নিউ ইয়র্কের গাঁজা আইনগুলো লঙঘন করেছে এবং এটি বন্ধ

করতে অ্যাটর্নি জেনারেলের সাথে কাজ করতে পেরে আমি গর্বিত। ব্রুকলিনের প্রথম গাঁজার বৈধ বিক্রেতারা এই মাসে চালু হওয়ার সাথে এবং অবৈধ দোকানগুলো বন্ধ হয়ে যাওয়ার সাথে সাথে, আমরা একটি শক্তিশালী, নিরাপদ গাঁজা শিল্প গড়ে তোলার দিকে মোড় নিচ্ছি।"

অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেন, "লাইসেন্সবিহীন গাঁজার দোকানগুলো অনিয়ন্ত্রিত পণ্য বিক্রি করে নিউ ইয়র্কবাসীদের জন্য স্বাস্থ্য ঝুঁকি তৈরি করে এবং যে ব্যবসা প্রতিষ্ঠানগুলো নিয়ম মেনে চলছে তাদের ক্ষতি করে। নিউ ইয়র্কবাসীরা যারা গাঁজা ক্রয় এবং ব্যবহার করে তাদের কেনা পণ্যগুলোর গুণমান ও সুরক্ষা সম্পর্কে চিন্তা করতে হবে না, এ কারণেই সকল দোকানকে অবশ্যই লাইসেন্স ও নিয়ন্ত্রিত হতে হবে। নিউ ইয়র্কের অন্য যেকোনো শিল্পের মত গাঁজা ব্যবসা প্রতিষ্ঠানগুলো নিরাপদে পরিচালনা করতে এবং তাদের করের ন্যায্য অংশ প্রদানের জন্য অবশ্যই নিয়ম ও আইন মেনে চলতে হবে। জনস্বাস্থ্য ও নিরাপত্তা আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার এবং গভর্নর হোকল ও আমি যারা আমাদের কমিউনিটির ক্ষতি করার চেষ্টা করছে তাদের বিরুদ্ধে অবিরত লড়াই চালিয়ে যাব।"

নিউ ইয়র্ক স্টেটের ক্যানাবিস ম্যানেজমেন্ট অফিসের নির্বাহী পরিচালক ক্রিস আলেকজান্ডার বলেন "OCM ও DTF-এর এনফোর্সমেন্ট টিমগুলো স্টেটে প্রতিটি কোণায় অবৈধ গাঁজা ব্যবসা বন্ধ করার জন্য নিষ্ঠার সাথে কাজ করে যাচ্ছে। তারা এখন শত শত নিয়ন্ত্রক পরিদর্শক পরিচালনা করেছে যার ফলে উল্লেখযোগ্য পরিমাণে অবৈধ গাঁজা জব্দ করা হয়েছে। গভর্নর, অ্যাটর্নি জেনারেল ও আইনসভার গৃহীত পদক্ষেপের জন্য ধন্যবাদ, আমরা নিউ ইয়র্কের সবচেয়ে মারাত্মক অবৈধ অপারেটরদের স্থায়ীভাবে বন্ধ করতে সক্ষম হয়েছি। আমাদের অনেক কাজ করতে হবে কিন্তু আমরা যা গড়ে তুলছি তা রক্ষা করা অব্যাহত রাখব এবং নিশ্চিত করব যে কমিউনিটি সংস্কারের উদ্দেশ্যে রাজস্ব এই অপারেটরদের পকেটে প্রবেশ করছে না যারা নিউ ইয়র্কের গাঁজা ভোক্তাদের জনস্বাস্থ্যের জন্য হুমকি স্বরূপ অনিরীক্ষিত ও অনিরাপদ পণ্য বিক্রি করছে।"

নিউ ইয়র্কের গাঁজা আইন অনুযায়ী গাঁজা পণ্য চাষ, প্রক্রিয়াজাত, বা বিক্রি করা যেকোনও ব্যক্তিকে নিউ ইয়র্ক স্টেট গাঁজা নিয়ন্ত্রণ বোর্ডের (New York State Cannabis Control Board) (গাঁজা বোর্ড) অধীনে নিবন্ধিত ও লাইসেন্সপ্রাপ্ত হতে হবে। লাইসেন্সবিহীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে বিক্রি করা গাঁজা পণ্যগুলো OCM-লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলির মাধ্যমে ল্যাবে পরীক্ষা করা হয় না, যা অনিরাপদ হতে পারে, যেগুলোর ট্যাক্স দেওয়া হয় না এবং শিশু-প্রতিরোধী প্যাকেজিংয়ে নাও থাকতে পারে। আইনটি OCM-এর আবেদনের মাধ্যমে (Office of the Attorney General, OAG)-কে গাঁজা আইন লঙ্ঘনকারী কোনো ব্যক্তির বিরুদ্ধে মামালা করার ক্ষমতা প্রদান করে।

বিগ চিফ স্মোক শপ (Big Chief Smoke Shop) কমপক্ষে 2022 সালের নভেম্বর মাস থেকে লাইসেন্স গাঁজা বিক্রি করছে। 2023 সালের আগস্ট মাসে OCM ও DTF তদন্তকারীরা দোকানটি পরিদর্শন করে দেখতে পান যে দোকানটি OCM কর্তৃক জারি করা গাঁজা বিক্রির লাইসেন্স ছাড়াই গাঁজা ফুল, কনসেনট্রেটস, ভেপস, ভোজ্য ও প্রি-রোল বিক্রি করছে। তদন্তকারীরা প্রায় 161 পাউন্ড গাঁজার ফুল, 137 পাউন্ড গাঁজা-মিশ্রিত পণ্য, 108 পাউন্ড সম্পূর্ণ গাঁজা এবং 60 পাউন্ড গাঁজা প্রি-রোল বাজেয়াপ্ত করেছে। OCM লাইসেন্স ছাড়া কাজ করার জন্য দোকান মালিককে

লাইসেন্সবিহীন কার্যক্রম বন্ধ করার নোটিশ ও আদেশ জারি করেছে এবং দোকানের সামনের জানালাগুলোতে অবৈধ গাঁজার বিপদ সম্পর্কে জনসাধারণকে অবহিত করে সতর্কতা নোটিশ সহ লাইসেন্সবিহীন কার্যক্রম বন্ধ করার নোটিশ ও লাইসেন্সবিহীন কার্যক্রম বন্ধ করার আদেশ জারি করেছে। অক্টোবর মাসে একটি ফলো-আপ পরিদর্শনে, OCM তদন্তকারীরা লক্ষ্য করেছিলেন যে দোকানের সামনের জানালায় পোস্ট করা OCM ডকুমেন্টগুলো ঢেকে দেওয়া হয়েছিল এবং দোকানটি তখনও সক্রিয়ভাবে গাঁজা বিক্রি করছিল। অক্টোবর মাসের পরিদর্শনে তদন্তকারীরা 200 পাউন্ডেরও বেশি অবৈধ গাঁজা জব্দ করেছেন এবং লাইসেন্সবিহীন কার্যক্রম বন্ধ করার জন্য লঙ্ঘনের আরেকটি নোটিশ ও আদেশ জারি করেছেন। জব্দের মোট সমষ্টিগত মূল্য 7.6 মিলিয়ন মার্কিন ডলারেও বেশি।

স্থানীয় কমিউনিটি নেতারা বিগ চিফ স্মোক শপের চরমভাবে বিরোধিতা করেছেন এবং স্থানীয় কমিউনিটি বোর্ড সবসম্মতিক্রমে তাদের আশেপাশে লাইসেন্সবিহীন দোকানগুলো বন্ধ করার প্রস্তাব পাস করেছে।

সিনেটর অ্যান্ড্রু গৌনার্ডেস বলেন, "বিগ চিফ শুধু নিউ ইয়র্কের ক্যানাবিস আইনকে লঙ্ঘন করেননি বরং তারা আশপাশের পরিবেশও নষ্ট করেছিল। আমি স্বস্তি পেয়েছি কারণ দিনশেষে তারা স্টেটের আইনের সম্মুখীন হচ্ছে এবং জবাবদিহিতার আওতায় আসবে। স্টেটের আইনসভা যখন আইন প্রয়োগকে শক্তিশালী করার জন্য আইনগুলো পাস করে তখন আমাদের মনে ঠিক এটিই ছিল। অবশেষে বিগ চিফের দৌরাত্ম বন্ধ করতে এই পিটিশনটি দায়ের করার পাশাপাশি আমাদের বৈধ, লাইসেন্সপ্রাপ্ত দোকানগুলোর পণ্যই বাজারে রয়েছে তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ থাকার জন্য আমি অ্যাটর্নি জেনারেল জেমস এবং গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য জাস্টিন ব্রানান বলেন, "যদিও আমি সবসময় গাঁজার বৈধকরণ এবং নিয়ন্ত্রণকে সমর্থন করেছি তবে নিউ ইয়র্কের অগ্রগামী বৈধ শিল্পটি সর্বত্র অবৈধ দোকান খুলে বৈধ ডিসপেনসারি হিসেবে ছদ্মবেশী হওয়ার কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে। এই অবৈধ পটের দোকানগুলো স্টেট থেকে কর রাজস্ব চুরি করেছে এবং আইন মেনে সরল বিশ্বাসে ব্যবসা পরিচালনাকারী ক্ষুদ্র, বৈধ ডিসপেনসারির মালিকদের ব্যবসার ক্ষতি করেছে। আমরা যদি নিউ ইয়র্কে একটি মজবুত এবং নিরাপদ বৈধ ক্যানাবিস শিল্পের কথা ভাবি তাহলে আমাদের অবশ্যই অবৈধদের দৌড়ত্ব বন্ধ করতে হবে। একাধিক অভিযান পরিচালনা এবং অস্থায়ীভাবে বন্ধ করা সত্ত্বেও, বিগ চিফ তাদের অবৈধ দোকান পরিচালনার ক্ষেত্রে আইন এবং আশেপাশের অভিযোগের উভয়গুলোই নির্লজ্জভাবে লঙ্ঘন করেছেন। আমাদের কমিউনিটির স্বার্থে এবং সামগ্রিকভাবে নিউ ইয়র্কের বৈধ গাঁজা শিল্পের জন্য, আজ আমরা বিগ চিফকে অভিযুক্ত করছি। সবার মঙ্গল নিশ্চিতে আমাদের সাথে নিবিড়ভাবে এটি নিয়ে কাজ করার জন্য আমি অ্যাটর্নি জেনারেল, গভর্নর এবং তাদের দলকে ধন্যবাদ জানাতে চাই কারণ — এটি কমিউনিটির জন্য একটি স্মরণীয় বিজয়।"

OCM-এর অনুরোধে, অ্যাটর্নি জেনারেল জেমস ক্যানাবিস আইনের ধারা 16-a-এর অধীনে জরুরি পরিত্রাণের জন্য একটি পিটিশন দাখিল করেছেন যাতে অবিলম্বে বিগ চিফ স্মোক শপ বন্ধ করে দেওয়া হয় এবং মালিককে নিউ ইয়র্কে ক্যানাবিস সংশ্লিষ্ট পণ্য বিতরণ, বিপণন, মজুদ

এবং বিক্রি করা থেকে বিরত রাখা হয়। এছাড়াও, পিটিশনটি নিউ ইয়র্কের ক্যানাবিস আইন লঙ্ঘনকারী দোকানের মালিককে জরিমানা করার আহ্বান জানায়। ক্যানাবিস আইনটিতে লাইসেন্স ছাড়া ক্যানাবিস বিক্রি করা ব্যক্তির ক্ষেত্রে দিন হিসাবে 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা আরোপের বিধান রয়েছে এবং OCM থেকে কাজ বন্ধ করার আদেশ পাওয়ার পরও যদি কোনো ব্যক্তি প্রতিদিন ক্যানাবিস বিক্রি করতে থাকে সেক্ষেত্রে তার শাস্তিস্বরূপ জরিমানা 20,000 মার্কিন ডলার পর্যন্ত।

এছাড়াও, বেআইনিভাবে ব্যবসা পরিচালনার অনুমতি দেওয়ার জন্য পিটিশনটি বিগ চিফ স্মোক শপ অবস্থিত ভবন মালিকের নামে দেওয়ানি জরিমানা নিশ্চিত করতে চায়। ভবন মালিককে আগে থেকেই অবহিত করা হয়েছিল যে তাদের সম্পত্তির মধ্যে একটি বেআইনি ব্যবসা চলছে এবং এরপরও বিগ চিফ স্মোক শপটি এক বছরেরও বেশি সময় ধরে চালু আছে। ক্যানাবিস আইনের অধীনে, ভবন মালিকদের তাদের সম্পত্তিতে লাইসেন্সবিহীন ক্যানাবিস বিক্রির অনুমতি দেওয়ার জন্য প্রতিদিন 10,000 মার্কিন ডলার জরিমানা করা হতে পারে।

OCM এবং অ্যাটর্নি জেনারেল জেমসের দায়ের করা অনুরূপ পিটিশনগুলো সেইসব পদক্ষেপের অংশ যা কাঙ্খিত লাইসেন্সবিহীন ক্যানাবিস দোকানগুলোকে বন্ধ করার জন্য আদালতের অনুমোদনের দিকে পরিচালিত করেছে। 29 নভেম্বর, অন্টারিও কাউন্টিতে লাইসেন্সবিহীন ক্যানাবিসের দোকান অবিলম্বে বন্ধ করার জন্য OCM-কে অনুমোদন দিয়ে একটি আদেশ জারি করা হয় যা দুই দিন পরে কার্যকর করা হয়েছিল। এর আগে, জুলাই মাসে, সুপ্রিম কোর্টের একজন বিচারক কাইউগা, ওসওয়েগো এবং ওয়েন কাউন্টিতে ক্যানাবিস বিক্রি করা সাতটি লাইসেন্সবিহীন ডিসপেনসারিঅবিলম্বে বন্ধ করার জন্য একটি প্যাডলকিং আদেশে স্বাক্ষর করেছিলেন যা শেষ পর্যন্ত 21 নভেম্বর সেই দোকানগুলোকে স্থায়ীভাবে বন্ধ করা নিশ্চিত করে এবং লাইসেন্স ছাড়া ক্যানাবিস বিক্রি করা ব্যবসাগুলোকে দীর্ঘমেয়াদীভাবে বন্ধ করার জন্য স্টেটের কর্তৃপক্ষকে সমর্থন করে একটি গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত স্থাপন করে। সেই ক্ষেত্রে সামগ্রিক শাস্তির একটি মূল্যায়ন আগামী সপ্তাহে চূড়ান্ত করা হবে।

OCM এবং DTF-এর তদন্তকারীগণ সাপ্তাহিক ভিত্তিতে স্টেট জুড়ে পরিদর্শনমূলক কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। আজ পর্যন্ত, 350টিরও বেশি পরিদর্শন করা হয়েছে যেখানে 54M মার্কিন ডলারেরও বেশি মূল্যের 11,000 পাউন্ডের বেশি অবৈধ ক্যানাবিস উদ্ধার করা হয়েছে। অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট (The Office of Cannabis Management) প্রতি মাসের প্রথম সোমবার এই পদক্ষেপগুলোর পাশাপাশি অন্যান্য প্রায়োগিক খবরের আপডেটগুলো প্রকাশ করে। সর্বশেষটি পাওয়া যাবে এখানে।

অবশেষে, ব্রুকলিনের প্রথম লাইসেন্সপ্রাপ্ত প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারি আগামীকাল, মঙ্গলবার 19 ডিসেম্বর তারিখে 2370 Coney Island Avenue উদ্বোধনের সময় নির্ধারিত হয়েছে। পাঁচটি আদেশকৃত অঞ্চলের মধ্যে একটি ছিল ব্রুকলিন যেখানে এই বছরের শুরুতে একটি নিষেধাজ্ঞা নিষ্পত্তিমূলক মামলার কারণে প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ক্যানাবিসের দোকান চালুর ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়ায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন